

গণমাধ্যম ও ১৫ই আগস্ট শীর্ষক আলোচনা সভা



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০১৭ উপলক্ষে আজ (১৭ আগস্ট-২০১৭, বৃহস্পতিবার, সকাল ১১টায়) জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রেস ক্লাবের উদ্যোগে 'গণমাধ্যম ও ১৫ই আগস্ট শীর্ষক আলোচনা সভা' বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রেস ক্লাবের সভাপতি সুব্রত মণ্ডল-এর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মোঃ ফখরুল ইসলাম (শাহীন)-এর সঞ্চালনায় আরো বক্তব্য প্রদান করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. প্রিয়ব্রত পাল, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. দীপিকা রানী সরকার, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সহ-সভাপতি আবদুল্লাহ্-আল্-মাসুদ ও প্রক্টর ড. নূর মোহাম্মাদ। আলোচনা সভায় গণমাধ্যম ও ১৫ই আগস্ট শীর্ষক মূল প্রবন্ধ পাঠ করেন রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী। এসময় বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।